

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদের পরিবেশ ও বন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শামীমা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
তারিখ : ১৫/১২/২০২১ খ্রিঃ
সময় : ১১.০০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপর সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে কমিটির সদস্য সচিব সামাজিক বনায়ন সম্পর্কে আলোকপাত করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	চারা উত্তোলন ও বিক্রয়	তিনি জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে বাগান সৃজনের কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বর্তমানে উত্তোলিত ১০০০০ টি চারার বিক্রয় বিতরণ কার্যক্রম চলিতেছে।	স্বল্পমূলে জনসাধারণের মাঝে বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা। ব্রাহ্মণবাড়িয়া সদর।
২	বৃক্ষ রোপন ও কর্তন।	তিনি আরও জানান যে, ব্রাহ্মণবাড়িয়া কুমিল্লা মহাসড়ক এর বিশ্বরোড মোড় হতে কুমিল্লা অভিমুখে ধরখার পর্যন্ত সড়ক ও জনপদ রাস্তা চার লেন এ উন্নিত করার লক্ষে বন বিভাগ কর্তৃক রোপিত গাছ কর্তন ও অপসারণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ, ব্রাহ্মণবাড়িয়া অনুরোধ জানান। সরকারি উন্নয়ন মূলক কাজের সার্থে গাছ কর্তন ও অপসারণ প্রয়োজন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে সামাজিক বনায়ন বিধিমালা ২০১০ এর আলোকে গাছ কর্তন ও অপসারণের বিষয়ে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে প্রেরণের বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা।
৩	বিবিধ	বন কর্মকর্তা আর জানান যে, চলতি অর্থ বৎসরে বরাদ্দ না পাওয়ায় অত্র বৎসরে চারা উত্তোলন ব্যহত হচ্ছে। এ ব্যাপারে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অর্থ বরাদ্দের জন্য প্রস্তাব প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শামীমা আক্তার)

উপজেলা ভাইস চেয়ারম্যান মহিলা

ও

সভাপতি

পরিবেশ ও বন কমিটি

উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

তারিখঃ- ১৫/১২/২০২১ খ্রিঃ।

পত্র নং- ২২.০১.০০০০.৪২৭.২৯.০০১.১৯-
অনুলিপিঃ- সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৬। জনাব.....।
- ৭। অফিস নথি।


(মোঃ শাহজাহান)

উপজেলা বন কর্মকর্তা

ও

সদস্য সচিব

পরিবেশ ও বন কমিটি

ব্রাহ্মণবাড়িয়া সদর।